

১০

নকল জাতিকে পিছিয়ে দেয়..... শিক্ষা উপমন্ত্রী

রাজশাহী অফিস ॥ শিক্ষা উপ-মন্ত্রী আব্দুস সালাম পিন্টু বলেছেন, নকল জাতিকে পিছিয়ে দেয়। তিনি রবিবার সিটি প্রেসক্লাব পরিদর্শনকালে সাংবাদিকদের কাছে একথা বলেন। তিনি বলেন, বর্তমান সরকার নকলের বিরুদ্ধে একরকম জেহাদ ঘোষণা করেছে। এয়ার পরীক্ষায় নকলের বিরুদ্ধে নানা কর্মসূচী গ্রহণ করায় নকল প্রবণতা হ্রাস পেয়েছে। তিনি বলেন, এই ধারাবাহিকতা বজায় থাকলে আগামী ২০০৪ সালের মধ্যে নকল মুক্ত পরীক্ষা অনুষ্ঠান করা সম্ভব হবে।